টানা ভারী বর্ষণে আলুচাষীদের মাথায় হাত: ঋণ নিয়ে আতঙ্কে চাষীরা

অসময়ে টানা ভারী বর্ষণে স্বপ্ন ভঙ্গে গেছে চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ও তিতুদহ ইউনিয়নের আলুচাষীদের। তাদের চোখে এখন বিষাদের পানি। তিন দিনের টানা বৃষ্টিতে আলু চাষে ব্যাপক ক্ষতি হয়েছে। উপজেলার আলু চাষীরা এখন বিপদগ্রস্থ। ভারি বর্ষনে ভেঙ্গে গেছে তাদের স্বপ্ন।

চাষিরা বলছেন, গত এক সপ্তাহের মধ্যে যারা আলুর বীজ রোপণ করেছিলেন, তারা বেশি ক্ষতির আশঙ্কায় রয়েছেন। ফলে আলুচাষীরা মহাজনদের ঋণ নিয়ে হতাশ হয়ে পড়েছে।

সরেজমিনে দেখা যায়, উপজেলার বেশিরভাগ জমি বৃষ্টির পানিতে তলিয়ে গেছে। বৃষ্টির সময় কৃষকরা আলু রোপণের জমি থেকে সেচের মাধ্যমে জমির পানি নিষ্কাশন করেছে। তবে বেশির ভাগ জমির আলু পচে গেছে।

তিতুদহ ইউনিয়নের ছোটশলুয়া গ্রামের পশ্চিমপাড়ার মৃত: খেদের আলীর ছেলে আলু চাষী মিলন হোসেন বলেন, এবার আমি ৬৯ শতাংশ জমি বর্গা নিয়ে আলুর বীজ লাগিয়েছি। সার, শ্রমিক ও জমি বর্গা চাষ খরচসহ প্রায় ৭০ হাজার টাকা খরচ হয়েছে। বৃষ্টির পানিতে আমার সব জমিতেই জলাবদ্ধতা সৃষ্টি হওয়ায় প্রায় ৯৫ ভাগ জমির আলু বীজ পচে নষ্ট হয়ে গেছে। লাভের আশায় লোন করে এবং আত্মীয়-স্বজনদের কাছ থেকে টাকা ধার এনে আলু চাষ করেছিলাম, কিন্তু বৃষ্টি আমার সব স্বপ্ন ভেঙ্গে দিল।

তিতুদহ ইউনিয়নের ৩নং ওয়ার্ডের সাবেক মেম্বর লিটন বলেন, সারা দেশের ন্যায় তিতুদহ ও বেগমপুর ইউনিয়নে টানা তিনদিনের ভারি বর্ষনে চাষী মিলনের মত শত শত আলুচাষীর জমিতে আলুর বীজ পচে নষ্ট হয়ে গেছে। এতে বিশেষ করে আলুচাষীরা ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়েছে। আলুচাষে একদিকে মহাজনদের ঋণ, অন্যদিকে স্বজনদের কাছে ধারের টাকা নিয়ে চাষীরা রয়েছে চরম বিপাকে।

তিতুদহ ইউনিয়নের কৃষি কর্মকর্তা নিয়ামত আলী জানান, ‘নিম্নচাপ এবং অসময়ে বৃষ্টির কারণে এলাকার আলু চাষীদের ব্যাপক ক্ষতি হয়েছে।

যেসব জমিতে সপ্তাহখানের মধ্যে বীজ লাগিয়েছে তাদের ক্ষতির পরিমান বেশি। তাছাড়া তাৎক্ষনিক সমাধানে আমরা মাঠ পর্যায়ে কাজ করছি।

দর্শনার দুধপাতিলায় বৈকালীক আখচাষে “উঠান বৈঠক” অনুষ্ঠিত

দর্শনার দুধপাতিলায় বৈকালীক আখচাষে “উঠান বৈঠক” অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকাল সাড়ে ৪টার সময় দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের বড় দুধপাতিলা গ্রামের চৌরাস্তা মোড় বটততলায় চাষিদের সঙ্গে আখ চাষ “উঠান বৈঠক” অনুষ্ঠিত হয়।

মিলস্ গেট (পূর্ব) সাবজোনের ১০নং ইউনিটের আয়োজনে দুধপাতিলা গ্রামে চাষিদের সঙ্গে চাষিদের আখ চাষে উৎসাহিত করতে “উঠান বৈঠকে” আলোচনা করেন দর্শনা কেরুজ চিনিকলের চাষি বান্ধব ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন।

তিনি বলেন, এচিনিকলটিকে কেন্দ্র করে এলাকার চাষিরা একসময় ব্যাপক আখচাষ করতো। বর্তমান বিভিন্ন কারণে আখ চাষ কমে গেছে। এভাবে চলতে থাকলে একদিন আখের অভাবে জেলার ঐতিহ্যবাহি চিনিশিল্প এবং একমাত্র অর্থনৈতিক চালিকা শাক্তির প্রতিষ্ঠানটি বন্ধ হয়ে যেতে পারে। এতে করে এলাকার অনেক মানুষ বেকারত্ব সহ থেমে যাবে অর্থনীতির চাকা। তাই প্রতিষ্ঠনটিকে বাঁচাতে এলাকাবাসিকেই উদ্যোগ গ্রহণ করতে হবে। চাষিদেরকে অন্য আবাদের পাশাপাশি কম,বেশি আখ চাষ করত হবে।

কেরুজ চিনিশিল্পকে লাভজনকে পরিণত করতে যোগদানের পর থেকে আখ চাষ বৃদ্ধির লক্ষে কেরুজ মিল জোন এলাকায় ছুটছেন চাষিদের দ্বারে,দ্বারে। তেমনি প্রতিদিন কোন না কোন এলাকার চাষিদের সঙ্গে উঠান বৈঠক সহ সোজন্য মূলক আলোচনায় বসছেন।
এসময় উপস্থিত থেকে আরো আলোচনা করেন, সদরদপ্তর হতে আগত অতিথি শহীদ উল্লাহ খান সহ কৃষি বিভাগের অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

মেহেরপুরে সুর সাধনার বর্ষপূর্তি উপলক্ষে সাংস্কৃতিক সন্ধ্যা আয়োজিত

মেহেরপুরে সুর সাধনার প্রথম বর্ষপূর্তি উপলক্ষে সাংস্কৃতিক সন্ধ্যা আয়োজিত হয়েছে। শনিবার সন্ধ্যা ৭ টার সময় মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমীর মিলনায়তনে এই সাংস্কৃতিক সন্ধ্যা ও আলোচনা সভা আয়োজন করা হয়।

সুর সাধনা সাংস্কৃতিক সংগঠনের সভাপতি এবং সরকারী মহিলা কলেজ অধ্যক্ষ রফিকুল ইসলামের সভাপতিত্বে, সাংবাদিক ও গবেষক মোঃ আতাউর রহমানের সঞ্চলনায়, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,মেহেরপুর জেলা বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদের সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক,পিপি পল্লব ভট্টাচার্য, মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক সাইদুর রহমান, অধ্যাপক মোঃ নুরুল আহমেদ সহ অনেকই।

সুর সাধনা সাংস্কৃতিক সংগঠনের শিল্পী সদস্য, ফিরোজ আহমেদ, মোছাঃ সন্ধ্যা, হাবিবা পারভীন রনি সহ অন্যান্য শিল্পীরা গান প্রিয় দর্শকদের মাঝে একে একে ঐতিহ্যবাহী গান পরিবেশন করে তাদের মুগ্ধ করে তোলে।

মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিনারুল ইসলাম

আর নেই

দীর্ঘ এক বছরেরও অধিক সময় ধরে মারণব্যাধী ক্যান্সারের সাথে লড়াই করে অবশেষে হেরে গেলেন মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিনারুল ইসলাম (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন)। শনিবার বিকেল ৩ টায় গেদে চেকপোস্টে তিনি মৃত্যু বরন করন। মিনারুল ইসলাম মোনাখালী গ্রামের মোঃ জাফর আলির বড় ছেলে।

ক্যান্সার আক্রান্ত হয়ে তিনি প্রায় এক বছর ধরে চিকিৎসা নিচ্ছিলেন ঢাকার আহসানিয়া মিশন ক্যান্সার এন্ড জেনারেল হাসপাতালে। গত কয়েক মাস যাবত শারীরিক অবস্থার অবনতি ঘটলে গত ১০ই ডিসেম্বর তারিখে কলকাতার ঠাকুরপুকুর ক্যান্সার হাসপাতালে চিকিৎসার জন্য নেওয়া হলে সেখানকার কর্তব্যরত বিশেষজ্ঞ চিকিৎসকেরা চিকিৎসার সফলতার আশা না দেখে রোগী যত দ্রুত সম্ভব বাড়ি ফিরিয়ে নিয়ে যাওয়ার পরামর্শ দেন।

মাত্র এক দিনের ব্যবধানে শনিবার বিকেল ৩ টায় গেদে চেকপোস্টের সন্নিকটে পৌঁছাতেই তিনি মৃত্যু বরন করন। তিনি স্ত্রী ও এক পুত্র সন্তানসহ অসংখ্য গুণাগ্রাহী রেখে গেছে। শেষ খবর পাওয়া পর্যন্ত মিনারুল ইসলামের দেহ দেশে নেওয়ার জন্য আইনি প্রক্রিয়াগুলো সমাধা করার চেষ্টা চলছিল। সব কিছু ঠিক থাকলে আজ লাশ দেশে পৌঁছাতে পারে।

মিনারুল ইসলামের মৃত্যুতে শোকে স্তব্ধ হয়ে যায় তার সহকর্মী শিক্ষার্থীসহ সকলেই। জানা যায় মিনারুল ইসলাম মোনাখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রতিষ্ঠাকালিন প্রধান শিক্ষক। বিদ্যালয়টি প্রতিষ্ঠার ক্ষেত্রে তার মেধা, শ্রম, আত্মনিবেদন তাকে চিরঞ্জিব করে রাখবে। তার মৃত্যুতে শিক্ষক পরিবারসহ বিভিন্ন মহল শোকসন্তপ্ত পরিবারের প্রতি শোক ও সমবেদনা জানিয়েছে।

মেহেরপুর সরকারি কলেজ এর

অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার কে সম্বর্ধনা

মেহেরপুর সরকারি কলেজ এর অধ্যক্ষ প্রফেসর শফিউল ইসলাম সরদার জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য মনোনীত হওয়ায় কলেজ শিক্ষক পরিষদের পক্ষ থেকে সম্বর্ধনা প্রদান করা হয়েছে ।

শনিবার সকালে সরকারি কলেজ মিলনায়তনে এই সম্বর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়। ইংরেজি বিভাগের সহযোগী অধ্যাপক

খুরশিদ আলমের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্বর্ধনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন সদ্য যোগদানকৃত উপাধ্যক্ষ প্রফেসর আবদুর রাজ্জাক, সহযোগী অধ্যাপক আবদুল্লাহ আল আমিন ধূমকেতু, গাজী নজরুল ইসলাম, সম্পাদক কাবিল উদ্দিন, ফুয়াদ খান। শিক্ষক পরিষদের পক্ষ থেকে অধ্যক্ষের হাতে ক্রেস্ট তুলে দেয়া হয়।

ঝিনাইদহে জাসদ ছাত্রলীগের সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহে বাংলাদেশ ছাত্রলীগ (জাসদ) এর জেলা শাখার সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকালে ঝিনাইদহ প্রেসক্লাব অডিটরিয়ামে এই সম্মেলনের শুভ উদ্বোধন ঘোষণা করা হয়। ঝিনাইদহ জেলা ছাত্রলীগের সভাপতি বিদ্যুৎ হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাসদের কেন্দ্রীয় যুগ্ম সম্পাদক সাবেক ছাত্রনেতা ওবায়দুর রহমান চুন্নু।

সম্মেলনের শুভ উদ্বোধন ঘোষণা করেন কেন্দ্রীয় ছাত্রলীগের সভাপতি আহসান হাবীব শামীম। এছাড়া বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা জাসদের সভাপতি চন্দন চক্রবর্তী, সাধারণ সম্পাদক শামীম আখতার বাবু, সহ-সভাপতি শরাফত ইসলাম, মাগুরা জেলা জাসদের সাধারণ সম্পাদক সমীর চক্রবর্তী, কেন্দ্রীয় ছাত্রলীগের যুগ্ম

সম্পাদক আবুল কালাম আজাদ, জেলা জাসদের যুগ্ম সম্পাদক আব্দুল আজিজ খান, জেলা জাসদের সাংগঠনিক সম্পাদক মনিরুজ্জামান মানিক, কোষাধ্যক্ষ মনিরুজ্জামান উজ্জ্বলসহ অন্যান্য নেতৃবৃন্দ।

অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন ছাত্রলীগের রোকনুজ্জামান রোকন। অনুষ্ঠানে প্রধান অতিথি বলেন শোষণ, বঞ্চনা ও বৈষম্যহীন একমূখী শিক্ষা ব্যবস্থা চালুসহ শিক্ষা প্রতিষ্ঠান থেকে বেকার না বানিয়ে কর্মমুখী শিক্ষার মাধ্যমে সকলের জন্য কাজের সুযোগ সৃষ্টি করার জোর দাবি জানান।

ঝিনাইদহে ইউপি নির্বাচনের আচরণ বিধি ও আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা

ঝিনাইদহে ৪র্থ ধাপের ইউপি নির্বাচনে সদর উপজেলার ১৫ টি ইউপির প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের আচরণ বিধি প্রতিপালন ও ও আইনশৃঙ্খলা বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সদর উপজেলা প্রশাসনের আয়োজনে শনিবার দুপুরে জেলা শিল্পকলা একাডেমীতে এ সভা অনুষ্ঠিত হয়। সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক মজিবর রহমান। বিশেষ অতিথি ছিলেন পুলিশ সুপার মুনতাসিরুল ইসলাম, জেলা নির্বাচন অফিসার মোহাঃ আঃ ছালেক।

এসময় বক্তারা বলেন, সদরের ইউনিয়ন পরিষদের নির্বাচন গুলোতে কোন প্রকার অনিয়ম বরদাস্ত করা হবেনা। সুষ্ঠু নির্বাচনের লক্ষে প্রয়োজনীয় সকল ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি নির্বাচনকে সুষ্ঠু ও নিরপেক্ষ ভাবে সম্পন্ন করতে সকলের সার্বিক সহযোগিতা প্রত্যাশা করেন তারা।

মহেশপুরে পুলিশের হাতে ১কেজি গাঁজাসহ আটক ১

ঝিনাইদহের মহেশপুরে শনিবার আনুমানিক ১১টার সময় পুলিশের মাদকদ্রব্য অভিযানে ১ কেজি গাঁজাসহ ১জনকে আটক করেছে মহেশপুর থানা পুলিশ।
থানা সূত্রে জানাযায়, গোপন তথ্যের ভিত্তিতে অতিরিক্ত পুলিশ সুপার,কোটচাঁদপুর সার্কেল মোঃ মোহাইমিনুল ইসলাম এর দিকনির্দেশনায়, মহেশপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মোহাম্মদ সাইফুল ইসলামের নেতৃত্বে থানা পুলিশের একটি চৌকশ দল মাদকদ্রব্য উদ্ধারের লক্ষ্যে অভিযান পরিচালনা করে। এসময় পৌরসভা এলাকার বৈচিতলা গ্রামের পাকড়াতলা নামক স্থান থেকে ১ কেজি গাঁজাসহ এক জনকে আটক করে পুলিশ।
আটককৃত সাইফুল ইসলাম (৩২) উপজেলার ফতেপুর গ্রামের আসাদুল ইসলামের ছেলে। মাদকদ্রব্য নিয়োন্ত্রণ আইনে তার বিরুদ্ধে মহেশপুর থানায় নিয়মিত মামলা করা হয়েছে বলে ওসি জানান।

ওমিক্রন শনাক্তের দিনে পাঁচজনের মৃত্যু

করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় দেশে পাঁচজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে মোট মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ২৮ হাজার ২২ জনে।শনিবার বিকালে স্বাস্থ্য অধিদপ্তর থেকে পাঠানো করোনাবিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়, গত ২৪ ঘণ্টায় নতুন করে আরও ১৭৭ জনের শরীরে করোনা ধরা পড়েছে। এ নিয়ে মোট শনাক্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১৫ লাখ ৭৮ হাজার ৯৯৬ জনে। গত ২৪ ঘণ্টায় সুস্থ হয়েছেন

১২২ জন। এ নিয়ে মোট ১৫ লাখ ৪৩ হাজার ৮৬২ জন এ পর্যন্ত সুস্থ হয়ে উঠলেন। এ দিনই প্রথমবারের মতো বাংলাদেশে করোনাভাইরাসের নতুন ধরন ওমিক্রন শনাক্ত হয়েছে। ভাইরাসটির নতুন এ ধরনে দুইজন আক্রান্ত হয়েছেন।

তারা দুজনই জিম্বাবুয়েফেরত জাতীয় নারী ক্রিকেট দলের সদস্য। আক্রান্ত দুই নারী ক্রিকেটার সুস্থ আছেন। স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক শনিবার ঢাকা শিশু হাসপাতালের ভিটামিন ‘এ’ ক্যাম্পেইন উদ্ভোধন উপলক্ষে এক অনুষ্ঠান শেষে সাংবাদিকদের এ তথ্য জানান।

দেশে করোনাভাইরাসের প্রথম সংক্রমণ ধরা পড়েছিল গত বছরের ৮ মার্চ। প্রথম রোগী শনাক্তের ১০ দিন পর গত বছরের ১৮ মার্চ দেশে প্রথম মৃত্যুর তথ্য নিশ্চিত করে স্বাস্থ্য অধিদপ্তর। সেই বছর সর্বোচ্চ মৃত্যু হয়েছিল ৬৪ জনের। ডেল্টা ভ্যারিয়েন্ট ছড়িয়ে পড়ায় চলতি বছর জুন থেকে রোগীর সংখ্যা হু-হু করে বাড়তে থাকে। ২৮ জুলাই একদিনে সর্বোচ্চ ১৬ হাজার ২৩০ জনের করোনা শনাক্ত হয়েছিল।

চলতি বছরের গত ৭ জুলাই প্রথমবারের মতো দেশে করোনায় মৃতের সংখ্যা ২০০ ছাড়িয়ে যায়। এর মধ্যে ৫ ও ১০ আগস্ট ২৬৪ জন করে মৃত্যু হয়, যা মহামারির মধ্যে একদিনে সর্বোচ্চ মৃত্যু। বেশকিছু দিন ২ শতাধিক মৃত্যু হয়। এরপর গত ১৩ আগস্ট মৃত্যুর সংখ্যা ২০০ এর নিচে নামা শুরু করে। দীর্ঘদিন শতাধিক থাকার পর গত ২৮ আগস্ট মৃত্যু ১০০ এর নিচে নেমে আসে।

২০২০ সালের এপ্রিলের পর চলতি বছরের ১৯ নভেম্বর প্রথম করোনাভাইরাস মহামারিতে মৃত্যুহীন দিন পার করে বাংলাদেশ।সর্বশেষ দ্বিতীয়বারের মতো গেল বৃহস্পতিবার (৯ ডিসেম্বর) মৃত্যুশূন্য দিন পার করেছে দেশ।

কেরুজ চিনিকলের মাড়াই মরসুম

উপলক্ষে বয়লারে স্লো-ফায়ারিং ও দোয়া অনুষ্ঠিত

কেরুজ চিনিকলে ২০২১-২২ মরসুমে আখ মাড়াই উপলক্ষে স্লো-ফায়ারিং করা হয়েছে। শুক্রবার দুপুরে মিল হাউজের বয়লার বিভাগে স্লো- ফায়ারিং উপলক্ষে এক আলোচনা ও দোয়া অনুষ্ঠিত হয়। দোয়া ও আলোচনা শেষে বয়লারে ২০২১-২২ মাড়াই মরসুমের অগ্নিসংযোগের মধ্য দিয়ে স্লো-ফায়ারিং করা হয়েছে।

দোয়া অনুষ্ঠানে আলোচনা করেন কেরুজ চিনিকলের ব্যবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন, মহা-ব্যবস্থাপক (অর্থ) মোহাম্মদ সাইফুল ইসলাম, মহা-ব্যবস্থাপক (প্রশাসন) শেখ মোঃ সাহাব উদ্দিন, ব্যবস্থাপক বীজ পরিদর্শন ও কৃষিতত্ব বিভাগ-দেলোয়ার হোসেন, মহা-ব্যবস্থাপক (কৃষি) গিয়াস উদ্দিন, মহা- ব্যবস্থাপক (ফার্ম) সুমন কুমার বিশ্বাস, কেরুজ শ্রমিক-কর্মচারী ইউনিয়নের সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, সহ-সম্পাদক খবির উদ্দিন সহ কর্মকর্তা ও কর্মচারী সহ শ্রমিক-কর্মচারীরা।

অনুষ্ঠানে দোয়া পরিচালনা করেন, কেরুজ জামে মসজিদের পেশ ঈমাম মাও. শামসুজ্জোহা। দোয়া শেষে বয়লারে অগ্নিসংযোগের উদ্বোধন করেন, মসজিদের মুয়াজ্জিম নেছার উদ্দিন।

১৯৩৮ সালে প্রতিষ্ঠিত চুয়াডাঙ্গা জজেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় অবস্থিত এশিয়া মমহাদেশের মধ্যে দ্বিতীয় ও দেশের একমাত্র ভারী চিনিশিল্প প্রতিষ্ঠান দর্শনা কেরু এ্যান্ড কোং (বাং) লিঃ। এ চিনিকল আজ নানা সমস্যায় জর্জরিত। বয়সের ভারে নুয়ে পড়া মিলিটির যেন সারা গায়ে ঘায়ে পরিণত। ফি বছর এ মিল থেকে সরকার কোটি কোটি টাকা মুনাফা অর্জন করলেও যন্ত্রাংশ পরিবর্তনের ক্ষেত্রে ছিলো উদাসীন। কেরুজ চিনিকলটি আধুনিকায়ন করণে মিলের শ্রমিক-কর্মচারী ও এলাকাবাসীর কাংঙ্খিত দাবি বারবার হয়েছে উপেক্ষিত। চুয়াডাঙ্গা-২ আসনের মাননীয় সংসদ সদস্য হাজি আলী আজগার টগর মহতী উদ্যোগে মিলটিকে আধুনিকায়নের জন্য সরকারের সংশ্লিষ্ট মন্ত্রালয় থেকে সাড়ে ৪৭ কোটি টাকা বরাদ্দের ব্যবস্থা করেন।

পরবর্তীতে আধুনিকায়ন কাজের জন্য ডিষ্টিলারী সহ বিভিন্ন উন্নয়নে মোট ১০০ কোটি টাকা বরাদ্ধ দেওয়া হয়েছে। তারই অপ্রাণ প্রচেষ্টায়